

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৭

১৫ কার্তিক ১৪২৬  
তারিখ:-----  
৩১ অক্টোবর ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Master Circular on Schedule of Charges**

শিরোনামোক্ত বিষয়ে ডিসেম্বর ২২, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এবং মে ১৩, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-১৯/২০০৯ এর ০২(১)নং অনুচ্ছেদে শুধুমাত্র হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) বাবদ প্রতি ষাণ্মাসিকে সঞ্চয়ী হিসাবে ৩০০/- টাকা এবং চলতি হিসাবে ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে, বিআরপিডি সার্কুলার নং-১৯/২০১০ এর মাধ্যমে সঞ্চয়ী হিসাবের ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে কোন Account Maintenance Fee আদায় করা যাবে না এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee প্রতি ষাণ্মাসিকে সর্বোচ্চ ১০০/- টাকা নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছিল।

০৩। এফগে, ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

ক) সঞ্চয়ী হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee আদায় করা যাবে না;

খ) সঞ্চয়ী হিসাবে প্রতি ষাণ্মাসিকে নিম্নবর্ণিত হারে Account Maintenance Fee আদায় করা যাবেঃ-

- ১০,০০০/- টাকার অধিক কিন্তু ২৫,০০০/- টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/- টাকা;
- ২৫,০০০/- টাকার অধিক কিন্তু ২.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২০০/- টাকা;
- ২.০০ লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২৫০/- টাকা;
- ১০.০০ লক্ষ টাকার অধিক গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০/- টাকা; এবং

গ) চলতি হিসাবে Account Maintenance Fee বাবদ প্রতি ষাণ্মাসিকে সর্বোচ্চ ৩০০/- টাকা আদায় করা যাবে।

০৪। বর্ণিত নির্দেশনা ব্যতীত ডিসেম্বর ২২, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২